বিষয় কোড | ১ | ৪ | ১ |

## এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

### বিষয় : অর্থনীতি (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান—৬০

[ নিচের উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিবে। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে দুটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিবে ]

**১.** মি. ডেভিড একবার বাংলাদেশে বেড়াতে এসে বাংলাদেশের উৎপাদন ব্যবস্থায় সরকারি ও বেসরকারি উভয় সংগঠনেরই সহ অবস্থান লক্ষ্য করল। কিন্তু তার দেশে অধিকাংশ অর্থনৈতিক কর্মকাণ্ডই ব্যক্তিগত উদ্যোগে পরিচালিত হয়। সবাই ইচ্ছে মতো দ্রব্য সামগ্রী ভোগ করতে পারে।

ক. কত শতাব্দীতে ধনতান্ত্রিক অর্থব্যবস্থার সূত্রপাত ঘটে? ১

খ. মানুষ কীভাবে অভাব নির্বাচন ও বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে? ২

গ. মি. ডেভিডের দেশের অর্থব্যবস্থাকে কি তুমি সমর্থন কর? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. ডেভিড ও তোমার দেশের অর্থব্যবস্থার তুলনামূলক চিত্র বিশ্লেষণ কর। ৪

**২.** রুমা শিক্ষকের বর্ণনায় দেশের এমন একটি প্রাকৃতিক সম্পদের কথা শুনেছে যা প্রাণী ও উদ্ভিদের জীবন ধারণের জন্য অপরিহার্য এবং দেশের খাদ্য উৎপাদনের সাথে উক্ত সম্পদটি ওতপ্রোতভাবে জড়িত। আবার শিক্ষক তাদের আরও বললেন প্রাকৃতিক সম্পদের পাশাপাশি মালিকানা ভিত্তিক সম্পদ ও একটি দেশের জন্য গুরুত্বপূর্ণ।

ক. সম্পদ হতে হলে কয়টি বৈশিষ্ট্য থাকতে হবে? ১

খ. সব জিনিসকে আমরা সম্পদ বলতে পারি না কেন? ২

গ. উদ্দীপকের শেষে শিক্ষক যে সম্পদের কথা বলেছেন তা তালিকা আকারে লিখ। ৩

ঘ. উদ্দীপকের প্রথমে শিক্ষক যে সম্পদের কথা বলেছেন সেই সম্পদের উন্নয়ন ও সুষ্ঠু ব্যবহার আমাদের অর্থনৈতিক উন্নয়নের গতি কীভাবে বাড়াবে তা বিশ্লেষণ কর। ৪

**৩.** জনাব শফিক উদ্দীনের কমলা খাওয়ার ইচ্ছে হলে তিনি প্রথমে ৮ টাকা দিয়ে একটি কমলালেবু কিনলেন। পরবর্তীতে তিনি ৭ টাকা দিয়ে আরও একটি কমলালেবু কিনলেন। এভাবে তিনি পর্যায়ক্রমে ৬ টাকা, ৫ টাকা ও ৪ টাকায় যথাক্রমে ৩য়, ৪র্থ ও ৫ম কমলালেবু ক্রয় করলেন। ১ম কমলালেবুটি খাওয়ার পর তার উপযোগ কিছুটা কমে গিয়েছিল।

ক. অর্থনীতিতে ভোগ বলতে কী বুঝ? ১

খ. মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে ২টি পার্থক্য লিখ। ২

গ. জনাব শফিক উদ্দীনের আচরণের মধ্য দিয়ে অর্থনীতির যে গুরুত্বপূর্ণ বিধিটি প্রকাশিত হয়েছে তা রেখাচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিধিটি যে শর্তগুলো মেনে চলে তা বিশ্লেষণ কর। ৪

Copyright Md Shah Jamal

৪. হুমায়ন সাহেব ৫টি পোশাক কারখানার মালিক। তার কারখানায় শ্রমিকেরা সুনিপুণভাবে কাজ করে এবং উৎপাদন প্রক্রিয়াকে সঠিকভাবে পরিচালনা করে। এসবই সম্ভব হয়েছে হুমায়ন সাহেবের দক্ষতার জন্য। আর এভাবে যদি প্রতিটি ক্ষেত্রে উৎপাদন প্রক্রিয়াকে সচল রাখা যায় তবে দেশ অর্থনৈতিক ভাবে এগিয়ে যায়।

ক. উৎপাদনের উপকরণ বলতে কী বুঝ? ১

খ. উন্নত দেশে ভূমি ও শ্রমের তুলনায় মূলধনের গুরুত্ব বেশি কেন? ২

গ. হুমায়ন সাহেবকে কি সংগঠক বলা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শেষোক্ত লাইনটি বিশ্লেষণ কর। ৪

৫. শায়লা গত মাসে তাদের বাসায় বিদ্যুৎ বিল দেখে চিন্তা করল আমরা নির্দিষ্ট দামে একজন মাত্র বিক্রেতার কাছ থেকে বিদ্যুৎ ক্রয় করি। কিন্তু গায়ে মাখার সাবান আমরা আমাদের পছন্দমত ক্রয় করতে পারি এবং এক্ষেত্রে আমাদের দামের ভিন্নতা ও পরিলক্ষিত হয়।

ক. ফার্ম বলতে কী বুঝ? ১

খ. চাহিদা ও যোগান শক্তি দ্বারা কীভাবে দ্রব্যের মূল্য নির্ধারিত হয়? ২

গ. উদ্দীপকে দু'টি দ্রব্যের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ. ২য় দ্রব্যের বাজারে ক্রেতা বেশি সুবিধা ভোগ করে'- বিশ্লেষণ কর। ৪

৬. শিমুল ১০ বছর যাবত সৌদি আরবে কর্মরত। তিনি প্রতি মাসে তার আয়ের বেশ কিছু অংশ দেশে প্রেরণ করেন। আবার মিসেস সিমনলী ব্রিটেনের নাগরিক। তিনি বাংলাদেশে একটি বেসরকারি সংস্থায় কর্মরত। প্রতি মাসে তিনিও তার দেশে টাকা পাঠান।

ক. জাতীয় আয় পরিমাপে সাধারণত কয়টি পদ্ধতি ব্যবহৃত হয়? ১

খ. উৎপাদন পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় পরিমাপ করা হয়? ২

গ. শিমুলের অর্থ প্রেরণ আমাদের জাতীয় আয় পরিমাপে কীভাবে সম্পৃক্ত হয় ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস সিমনলীর আয় কি বাংলাদেশের জাতীয় আয়কে প্রভাবিত করবে? বিশ্লেষণ কর। ৪

Copyright Md Shah Jamal

৭. দরিদ্র মর্জিনা বেগম পরিচিত এক মহিলার পরামর্শে স্থানীয় একটি ব্যাংকে যোগাযোগ করে বিনা জামানতে ৫০০ টাকা ঋণ নেয়। ঐ টাকা দিয়ে সে পাড়ার একটি স্কুলের গেটের সামনে ঝালমুড়ি বিক্রি করতে শুরু করে। কয়েকদিনের মধ্যেই সে ঐ টাকা ফেরত দিয়ে পুনরায় সহজ সুদে ও সহজ কিস্তিতে আরও বেশি টাকা ঋণ নিয়ে একটি ছোট চায়ের দোকান দেয়। এখন মোটামুটিভাবে তার স্বচ্ছলতায় দিন যায়।

ক. বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতিষ্ঠিত হয় কবে? ১

খ. উদ্দীপকের ব্যাংকটির উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. মর্জিনা বেগমের মত গরিবদের ভাগ্য পরিবর্তনে এ ধরনের ব্যাংক কি ধরনের ভূমিকা পালন করছে ব্যাখ্যা কর। ৩

ঘ. শুধু নারীরাই নয় দেশের বেকার জনগোষ্ঠীর উন্নয়নের জন্য ও এ ধরনের ব্যাংকের সম্প্রসারণ জরুরি বিশ্লেষণ কর। ৪

৮. রাহেলা বেগম বাহরাইনে কর্মরত শ্রমিক। কিন্তু উপর্যুক্ত প্রশিক্ষণের অভাবের কারণে অন্য দেশের শ্রমিকের চেয়ে তার মজুরি কম। আবার তামান্না হস্তশিল্প বিষয়ে প্রশিক্ষণ নিয়ে দক্ষ হওয়ার কারণে তার তৈরি হস্তশিল্পজাত দ্রব্যগুলো এখন বিদেশেও রপ্তানি করা হচ্ছে।

ক. মৌসুমি বেকারত্ব কী? ১

খ. দারিদ্র্য বিমোচনে আই. সি. টি.'র ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. রাহেলা বেগমের মত নারীদের দক্ষ মানবসম্পদ হতে হলে কি ধরনের পদ্ধতি নেয়া যায় ব্যাখ্যা কর। ৩

ঘ. তামান্না এবং রাহেলা দু'জনই কি তোমার দেশের প্রেক্ষাপটে সম্পদ? কিভাবে? ব্যাখ্যা কর। ৪

৯. উন্নয়নশীল দেশের নাগরিক আসিফ গত ৫ই জুন অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতা শুনছিলেন। একটি দেশের উন্নয়নের প্রধান মাধ্যম হলো শিক্ষা। আবার রাষ্ট্রের সুষ্ঠু পরিচালনার জন্য প্রতিরক্ষা এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য পরিবহন ও যোগাযোগ মাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই সরকার বাজেটের একটি বৃহৎ অংশ এই সকল খাতে ব্যয় করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন।

ক. কর রাজস্ব কী? ১

খ. বাজেটে কোন কোন বিষয় লিপিবদ্ধ থাকে? ২

গ. একটি দেশের উন্নয়নের জন্য শিক্ষাকে কি সর্বোত্তম গুরুত্ব দিয়ে বাজেট প্রণয়ন করতে হবে? তোমার যুক্তি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে শেষোক্ত লাইনটি তোমার পাঠ্যবই ও উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

Copyright Md Shah Jamal

বিষয় কোড ১ ৪ ১

এসএসসি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট | বিষয় ঃ অর্থনীতি (বহুনির্বাচনি) | পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

১. **বাণিজ্যিক ব্যাংক কিসের বিপরীত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেয়?**
i. মূল্যবান ধাতু
ii. সরকারি ও দেশি-বিদেশি ঋণ পত্র
iii. স্থায়ী সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
ক) i  খ) ii  গ) ii ও iii  ঘ) i ,ii ও iii

২. **গ্রামীণ ব্যাংকের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হচ্ছে—**
i. সহজ শর্তেও জামানত ছাড়া ঋণ প্রদান করা
ii. নতুন শিল্প নির্মাণ ও আধুনিকরণের জন্য দীর্ঘমেয়াদি ঋণ
iii. সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে প্রতিষ্ঠানিক কাঠামোর আওতায় আনা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) ii ও iii  গ) i ও iii  ঘ) i ,ii ও iii

৩. **জনসংখ্যার দিক দিয়ে বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?**
ক) নবম  খ) অষ্টম
গ) সপ্তম  ঘ) ষষ্ঠ

৪. **২০১০-১১ অর্থবছরে আমাদের জিডিপিতে সেবাখাতের অবদান প্রায় কত?**
ক) ১৫.৫২%  খ) ৪৩.৬%
গ) ৪৭.৭২%  ঘ) ৪৯.৭২%

৫. **বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য—**
i. কৃষিখাতের প্রধান্য  ii. ব্যাপক বেকারত্ব
iii. বৈদেশিক বাণিজ্যের ঘাটতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও iii  খ) i ও ii  গ) i  ঘ) i ,ii ও iii

৬. **অর্থনৈতিক উন্নয়নের অন্যতম শর্ত হচ্ছে—**
ক) কারিগরি জ্ঞান
খ) রাজনৈতিক স্থিতিশীলতা
গ) দক্ষ প্রশাসন  ঘ) দক্ষ জনশক্তি

৭. **একটি দেশ গরিব কারণে সে দেশ দরিদ্র-এটি কার মতামত?**
ক) অধ্যাপক নার্কস  খ) অধ্যাপক পিগু
গ) এ্যাডাম স্মিথ  ঘ) এল. রবিনস্

৮. **উন্নয়ন কী?**
ক) প্রবৃদ্ধির একটি অংশ  খ) মাথাপিছু আয় বৃদ্ধি
গ) জাতীয় আয় বৃদ্ধি
ঘ) প্রবৃদ্ধির সাথে অন্যান্য বিষয়ের সুফল

৯. **শফিক সাহেব একটি বেসরকারি সংস্থার উর্ধতন কর্মকর্তা। তার বার্ষিক আয় প্রায় ১৫,০০,০০০ টাকা। তিনি প্রতি বছর সরকারকে কর প্রদান করেন। তাদের কর কোনটি?**
ক) মূল্য সংযোজন কর  খ) আয়কর
গ) মুনাফা  ঘ) প্রশাসনিক ফি

১০. **জাহিদ একটি সরকারি স্কুলে পড়ে। সে জেনে খুশি হয় যে সরকার এ বছর একটি বিজ্ঞান গবেষণাগারসহ নতুন ভবন নির্মাণ করবে তাদের**

১০. **জাহিদ একটি সরকারি স্কুলে পড়ে। সে জেনে খুশি হয় যে সরকার এ বছর একটি বিজ্ঞান গবেষণাগারসহ নতুন ভবন নির্মাণ করবে তাদের**
**স্কুলের জন্য। স্কুলের ভবন নির্মাণের কাজটি সরকারের কোন বাজেটের অন্তর্গত?**
ক) চলতি বাজেট  খ) ঘাটতি বাজেট
গ) উন্নয়ন বাজেট  ঘ) অ-উন্নয়ন বাজেট

১১. **অর্থনীতির জনক বলা হয় কাকে?**
ক) ডেভিড রিকার্ডোকে  খ) জনস্টুয়ার্ট মিলকে
গ) মার্শালকে  ঘ) এ্যাডাম স্মিথকে

১২. **গ্রিক সভ্যতার বিখ্যাত দুই চিন্তাবিদ যারা অর্থনীতির অনেক মৌলিক বিষয় নিয়ে আলোচনা করেন, তারা হলেন—**
i. প্লেটো  ii. এরিস্টটল
iii. ডেভিড রিকার্ডো
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) ii ও iii  গ) i ও iii  ঘ) i ,ii ও iii

১৩. **কোন সময়ে 'বাণিজ্যবাদ' এর প্রসার ঘটে—**
ক) ১৫৯০-১৭৮০ সালে  খ) ১৬৯০-১৭৮০ সালে
গ) ১৭৮০-১৯৯০ সালে  ঘ) ১৮৯০-১৯৯০ সালে

১৪. **স্বয়ংক্রিয়ভাবে দ্রব্যের দাম নির্ধারণের কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে?**
ক) অভাব ও উপযোগ  খ) চাহিদা ও যোগান
গ) উপযোগ ও চাহিদা  ঘ) অভাব ও যোগান

১৫. **ব্যক্তিগত মুনাফা অর্জনের সুযোগ থাকে না কোন অর্থ ব্যবস্থায়?**
ক) ধনতান্ত্রিক  খ) সামাজতান্ত্রিক
গ) মিশ্র  ঘ) ইসলামি

১৬. **'সূর্যের আলো' অর্থনৈতিক সম্পদ নয়' সম্পদের কোন বৈশিষ্ট্যটি এখানে অনুপস্থিত?**
ক) উপযোগ  খ) বাহ্যিকতা
গ) অপ্রাচুর্যতা  ঘ) হস্তান্তর যোগ্যতা

১৭. **'সুন্দরবন' কোন ধরনের সম্পদ?**
ক) প্রাকৃতিক  খ) মানবিক
গ) উৎপাদিত  ঘ) ব্যক্তিগত

১৮. **সিমেন্ট, সাবান, ব্লিচিং পাউডার প্রভৃতি উৎপাদনে ব্যবহার করা হয়?**
ক) চীনামাটি  খ) কয়লা
গ) চুনাপাথর  ঘ) গন্ধক


১৯. **রাহেলার একটি সেলাই মেশিন আছে। সংসারের আয় বৃদ্ধির জন্য সে ব্যাংক থেকে লোন নিয়ে আরো দুইটি মেশিন ক্রয় করল। নতুন মেশিন ক্রয়কে অর্থনীতিতে কী বলে?**
ক) সঞ্চয়  খ) মূলধন
গ) সুযোগ ব্যয়  ঘ) বিনিয়োগ

২০. উপরোক্ত উদাহরণের শেষোক্ত কাজের মাধ্যমে—
i. পারিবারিক নিরাপত্তা বাড়বে
ii. সন্তানের প্রতি দায়িত্ব বাড়বে
iii. কর্মসংস্থান বৃদ্ধি হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚh i ও ii ⓖ i ও iii ⓖh i, ii ও iii

২১. **সাধারণত কোন দ্রব্যের ভোগের পরিমাণ বাড়ার সাথে সাথে মোট উপযোগ–**
ⓚ ক্রমান্বয়ে বাড়ে
ⓚh ক্রমহ্রাসমান হারে বাড়ে
ⓖ ক্রমবর্ধমান হারে বাড়ে ⓖh স্থির থাকে

২২. **চাহিদা বিধি অনুসারে কোন নির্দিষ্ট সময়ে পণ্যের–**
i. দাম বাড়লে চাহিদা কমে
ii. দাম কমলে চাহিদা বাড়ে
iii. দাম কমলে চাহিদা কমে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚh i ও iii ⓖ iii ⓖh i ও ii

**নিচের চিত্র থেকে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**




২৩. **চিত্রটি কী নির্দেশ করছে?**
ⓚ বাজার যোগান রেখা ⓚh বাজার চাহিদা রেখা
ⓖ ভারসাম্য দাম ⓖh দাম নির্ধারণ

২৪. **R বিন্দুতে–**
i. চাহিদা = যোগান ii. চাহিদা > যোগান
iii. যোগান > চাহিদা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚh ii ⓖ iii ⓖh i, ii ও iii

২৫. **দুধ দিয়ে রসগোল্লা তৈরি কোন ধরনের উৎপাদন?**
ⓚ রূপগত ⓚh স্থানগত
ⓖ সময়গত ⓖh সেবাগত

২৬. **উৎপাদনের উপকরণ কয়টি?**
ⓚ ৮টি ⓚh ৬টি ⓖ ৫টি ⓖh ৪টি

২৭. **কৃষকের ধান মাড়ার মেশিন কোন ধরনের উপকরণ?**
ⓚ ভূমি ⓚh শ্রম ⓖ মূলধন ⓖh সংগঠন


২৮. **কোন ধরনের ব্যয় ফার্মের হিসাব বইতে থাকে না?**
ⓚ স্থির ব্যয় ⓚh অ-প্রকাশ্য ব্যয়
ⓖ প্রকাশ্য ব্যয় ⓖh মোট ব্যয়

২৯. **বাজারের ধারণা তিনটি মৌলিক বিষয় কাজ করে–**
i. অভাব, উপযোগ, চাহিদা
ii. চাহিদা, যোগান, সময়
iii. উপযোগ, যোগান, দাম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚh iii ⓖ ii ⓖh i, ii ও iii

৩০. **যোগানের পরিবর্তন করা যায় না কোন ধরনের বাজারে?**
ⓚ অতি স্বল্পকালীন ⓚh স্বল্পকালীন
ⓖ দীর্ঘকালীন ⓖh জাতীয় বাজারে

৩১. **একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য–**
i. বিক্রেতা যোগান নিয়ন্ত্রণ করে
ii. দ্রব্যের একক সমজাতীয়
iii. সর্বাধিক মনাফা লাভের চেষ্টা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh ii ও iii ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**






৩২. **চিত্রে কোন বাজারকে নির্দেশ করে?**
ⓚ পূর্ণ প্রতিযোগিতা ⓚh একচেটিয়া কারবার
ⓖ একচেটিয়া প্রতিযোগিতা ⓖh অলিগোপালি

৩৩. **উক্ত বাজারে গড় আয় প্রান্তিক আয় সমান হবার কারণ–**
i. নির্দিষ্ট ক্রেতা বা বিক্রেতার দাম নির্ধারণের ভূমিকা নেই
ii. দীর্ঘ মেয়াদি চাহিদা ও যোগান স্থানান্তর দ্বারা ভারসাম্য সৃষ্টি
iii. এই বাজারে নতুন কোনো ফার্ম অংশগ্রহণ করতে পারে না
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh ii ও iii ⓖ iii ⓖh i, ii ও iii

৩৪. **অর্থনীতিবিদ আরভিং ফিশার কোন পদ্ধতিতে জাতীয় আয় গণনা করেন?**
ⓚ উৎপাদন পদ্ধতি ⓚh আয় পদ্ধতি
ⓖ ব্যয় পদ্ধতি ⓖh আয় ও ব্যয় পদ্ধতি

৩৫. **বাংলাদেশের জাতীয় আয় গণনার দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান কোনটি?**
ⓚ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ⓚh বাংলাদেশ পরিকল্পনা কমিশন
ⓖ জাতীয় রাজস্ব বোর্ড ⓖh জাতীয় সংসদ

৩৬. 


**কোনগুলো মোট দেশজ উৎপাদনের নির্ধারক?**
ⓚ চিত্র : D ⓚh চিত্র : C
ⓖ চিত্র : B ⓖh চিত্র : A

৩৭. **বাংলাদেশের অর্থনীতি মোট কতটি খাতে বিভক্ত?**
ⓚ ১৫টি ⓚh ৫টি ⓖ ৫টি ⓖh ৩টি

৩৮. **আধুনিক অর্থনীতিতে অর্থ হচ্ছে–**
i. বিনিময়ের মাধ্যমে
ii. মূল্যের পরিমাপক
iii. ঋণের ভিত্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৩৯. **কুমার হাঁড়ি পাতিল নিয়ে জেলের কাছে গেল মাছ আনতে। কিন্তু জেলে বলল তার এখন এগুলোর দরকার নাই। দ্রব্য বিনিময় প্রথার কোন অসুবিধার কারণে বিনিময় সম্ভব হলো না?**
ⓚ দ্রব্য বিভাজনে অসুবিধা
ⓚh অভাবের অমিল
ⓖ বিক্রেতার ইচ্ছার অভাব
ⓖh মূল্য পরিমাপের অসুবিধা

৪০. **১০০ টাকার একটি প্রাইজবন্ড কোন ধরনের মুদ্রা?**
ⓚ কাগজি মুদ্রা ⓚh বিহিত মুদ্রা
ⓖ ব্যাংক হিসাবি মুদ্রা ⓖh ধাতব মুদ্রা

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ |
| | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ |
| | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |
| | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | গ |

Copyright Md Shah Jamal